



# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]

জনসংযোগ শাখা

আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা ১২০৭

## ॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

### জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত-

বাংলাদেশের আকাশে আজ পবিত্র রমজান মাসের চাঁদ দেখা গেছে  
আগামী ১২ মার্চ মঙ্গলবার থেকে পবিত্র রমজান মাস গণনা শুরু  
আগামী ৬ এপ্রিল শনিবার দিবাগত রাতে পবিত্র শবে কদর পালিত হবে

ঢাকা, সোমবার ১১ মার্চ, ২০২৪।

বাংলাদেশের আকাশে আজ ১৪৪৫ হিজরি সনের পবিত্র রমজান মাসের চাঁদ দেখা গিয়েছে। ফলে আগামীকাল ১২ মার্চ মঙ্গলবার থেকে পবিত্র রমজান মাস গণনা করা হবে। পরিপ্রেক্ষিতে, আগামী ৬ এপ্রিল শনিবার দিবাগত রাতে পবিত্র শবে কদর পালিত হবে। আজ সন্ধ্যায় বায়তুল মুকাররম সভাকক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী মোঃ ফরিদুল হক খান এমপির সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় ১৪৪৫ হিজরি সনের পবিত্র রমজান মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, আজ ২৯ শাবান ১৪৪৫ হিজরি, ২৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ, ১১ মার্চ ২০২৪ খ্রি. সোমবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র রমজান মাসের চাঁদ দেখা যাওয়ার সংবাদ পাওয়া গিয়েছে। এমতাবস্থায়, আগামীকাল ২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ, ১২ মার্চ ২০২৪ খ্রি. মঙ্গলবার থেকে ১৪৪৫ হিজরি সনের পবিত্র রমজান মাস গণনা শুরু হবে। পরিপ্রেক্ষিতে, আগামী ২৬ রমজান ১৪৪৫ হিজরি, ২৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ, ৬ এপ্রিল ২০২৪ খ্রি. শনিবার দিবাগত রাতে পবিত্র শবে কদর পালিত হবে।

সভায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মুঃ আঃ হামিদ জমাদ্দার, ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ড. মহাঃ বশিরুল আলম, মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম-সচিব মোঃ সাইফুল ইসলাম ভূইয়া, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব মোঃ কাউসার আহাম্মদ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব মোঃ সাইফুল ইসলাম, সিনিয়র উপ-প্রধান তথ্য কর্মকর্তা মোঃ আবদুল জলিল, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের খতিব হাফেজ মাওলানা মুফতি মোহাম্মদ রুহুল আমীন, ঢাকা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ আমিনুর রহমান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ শহিদুল ইসলাম, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক মোঃ আজিজুর রহমান, বাংলাদেশ টেলিভিশনের সহকারী পরিচালক মোঃ নাজিম উদ্দিন, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মুফতি মাওলানা মুহাম্মদ মিজানুর রহমান, সরকারি মাদ্রাসা-ই-আলিয়ার অধ্যক্ষ মুহাম্মাদ আবদুর রশীদ, চকবাজার শাহী জামে মসজিদের খতিব মুফতি শেখ নাজিম রেজওয়ান প্রমুখ উপস্থিত ছিলেন। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১১.৩.২০২৪

শায়লা শারমীন

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন